

West Bengal State University
B.A./B.Sc./B.Com. (Honours, Major, General) Examinations, 2013

PART – III (Honours)

বাংলা – সাম্মানিক

পঞ্চম পত্র

Duration : 4 Hours

Full Marks : 100

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্রুমানের নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। সনেট কাকে বলে ? পেত্রাকীয়া সনেট এবং সেক্সপীয়রীয় সনেটের মধ্যে পার্থক্য কি ? মধুসূদন দত্ত কোন্ রীতিতে সনেট রচনা করেছিলেন উদাহরণসহ আলোচনা করুন। 8 + 8 + 12 = 20

অথবা

উদাহরণসহ যে কোনো দুটি বিষয় সম্পর্কে আলোচনা করুন :

10 + 10 = 20

(ক) পত্রকাব্য

(খ) মহাকাব্য

(গ) গাথাকাব্য।

- ২। 'বীরাঙ্গনা' কাব্যের আঙ্গিক বৈশিষ্ট্য আলোচনা করে এটিকে কোন্ জাতীয় কাব্য বলা যায়, তার পরিচয় দিন। 16

অথবা

'নীলধবজের প্রতি জনা' পত্রকবিতায় জনার বীরাঙ্গনা সত্তার পরিচয় দিন। চরিত্রটি সৃষ্টিতে মধুসূদনের কৃতিত্ব বিচার করুন। 16

- ৩। 'সোনার তরী' কাব্যের 'বসুন্ধরা' কবিতায় কবির বিশ্বপ্রীতি শেষ পর্যন্ত বিশ্বাত্মবোধে কীভাবে উপনীত হয়েছে তা আলোচনা করুন। 16

অথবা

"দেবতারে প্রিয় করি, প্রিয়েরে দেবতা" — পৃথিবী এবং স্বর্গকে এক করে দেখার এই অনুভূতি " বৈষ্ণব কবিতা " অবলম্বনে ব্যাখ্যা করুন। 16

- ৪। "আমার কৈফিয়ৎ" কবিতায় কবি কার কাছে কিসের কৈফিয়ৎ দিয়েছেন। কবিতাটি অবলম্বনে কবির জীবনদর্শনের পরিচয় দিন। 6 + 10 = 16

অথবা

কবি নজরুল ইসলামের "দারিদ্র্য" কবিতাটি অবলম্বনে কবির মানবিক এবং দার্শনিক সত্তার পরিচয় দিন। 16

- ৫। “বধু” কবিতায় কবি সুভাষ মুখোপাধ্যায়ের যে আক্ষেপ ও বেদনা প্রতিধ্বনিত হয়েছে তার কারণ ব্যাখ্যা করুন। ১৬

অথবা

কল্লোল যুগের রবীন্দ্রবিরোধী পটভূমিতে ‘রবীন্দ্রনাথের প্রতি’ কবিতায় বুদ্ধদেব বসুর রবীন্দ্রতর্পণ কতখানি গুরুত্বপূর্ণতা বিশ্লেষণ করুন। ১৬

- ৬। নিম্নলিখিত অংশটির কাব্যশৈলী বিচার করুন : ১৬

বলো দেখি মোরে, শুধাই তোমায়

অপরিচিতা —

ওই যেথা জ্বলে সন্ধ্যার কূলে

দিনের চিতা,

ঝলিতেছে জল তরল অনল,

গলিয়া পড়িছে অম্বরতল

দিকবধু যেন ছলছল-আঁখি

অশ্রুজলে,

হোথায় কি আছে আলয় তোমার

উর্মিমুখর সাগরের পার

মেঘচুম্বিত অস্তগিরির

চরণতলে ?

তুমি হাস শুধু মুখপানে চেয়ে

কথা না বলে।

অথবা

আজকে অনেক রুঢ় রৌদ্র ঘুরে প্রাণ
পৃথিবীর মানুষকে মানুষের মতো
ভালোবাসা দিতে গিয়ে তবু
দেখেছি আমারি হাতে হয়তো নিহত
ভাই বোন বন্ধু পরিজন প'ড়ে আছে ;
পৃথিবীর গভীর গভীরতর অসুখ এখন ;
মানুষ তবুও ঋণী পৃথিবীরই কাছে।

কেবলি জাহাজ এসে আমাদের বন্দরের রোদে
দেখেছি ফসল নিয়ে উপনীত হয় ;
সেই শস্য অগণন মানুষের শব ;
শব থেকে উৎসারিত স্বর্ণের বিস্ময়
আমাদের পিতা বুদ্ধ কনফুশিয়সের মতো আমাদেরো প্রাণ
মুক ক'রে রাখে ; তবু চারিদিকে রক্তক্লান্ত কাজের আহ্বান।
